



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

অভ্যন্তরীণ সংগ্রহ শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.৩২২.২১.১৪৮

তারিখ: ২৩ আষাঢ়, ১৪২৮

০৭ জুলাই ২০২১

বিষয়: চলমান বোরো সংগ্রহ/২০২১ মৌসুমে বিনির্দেশসম্মত ধান-চাল সংগ্রহ নিশ্চিতকরণ।

সূত্র: ১। অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭।

২। খাদ্য অধিদপ্তরের স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৮৫.৩২২.২১.১২০, তারিখ: ১৫/০৭/২০২১ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সুত্রস্থ ২নং স্মারকে চলতি বোরো সংগ্রহ/২০২১ মৌসুমে বিনির্দেশসম্মত ধান-চাল সংগ্রহ নিশ্চিতকরণের জন্য পত্র প্রেরণ করা হয়। কিন্তু মাঠ পর্যায়ে কোন কোন খাদ্যগুদাম/কেন্দ্রে সংগৃহীত চালে বিনির্দেশের কোন কোন ক্ষেত্রে কিছু ত্রুটি বিচ্যুতি পরিলক্ষিত হচ্ছে মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে, যা অনাকাঙ্ক্ষিত। বিনির্দেশসম্মত ধান-চাল ক্রয় নিশ্চিত করার জন্য খাদ্য সচিব মহোদয় পুনরায় জোরালো নির্দেশনা প্রদান করেছেন।

এমতাবস্থায়, চলতি বোরো সংগ্রহ/২০২১ মৌসুমে অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এ-বর্ণিত ধান-চালের বিনির্দেশ এবং সুত্রস্থ স্মারকের নির্দেশনা মোতাবেক বিনির্দেশসম্মত ধান-চাল সংগ্রহ নিশ্চিত করতে পুনরায় অনুরোধ করা হল। বিনির্দেশ বহির্ভূত ধান-চাল সংগ্রহ করা হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৭-৭-২০২১

শেখ মুজিবর রহমান

মহাপরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.৩২২.২১.১৪৮/১(১)


তারিখ: ২৩ আষাঢ়, ১৪২৮

০৭ জুলাই ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, ঢাকা। খাদ্যমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।

৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরে  
ওয়েবসাইটে প্রকাশের জন্য জন্য অনুরোধ করা হলো।



৭-৭-২০২১

শেখ মুজিবর রহমান

মহাপরিচালক